যুগান্তর

তারিখ ... 12 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ১ ......

'ক্যারি অন' পুনর্বহালের দাবি

# রাজশাহী ও সিলেটে মেডিকেল শিক্ষার্থীদের মানববন্ধন

যুগান্তর ডেস্ক

'ক্যারি অন' পদ্ধতি পুনর্বহাল করার দাবিতে রাজশাহী ও সিলেটে মঙ্গলবার মানববন্ধন করেন সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। এর আগেও তারা একই দাবিতে আন্দোলন করেন। শিক্ষার্থীরা জানান, ২০০২ সালের কারিকুলামে শিক্ষার্থীরা প্রথম পেশাগত পরীক্ষার কোনো বিষয়ে উত্তীর্ণ না হলেও নিয়মিত ব্যাচের শিক্ষার্থীদের সঙ্গে ক্লাস ও পরীক্ষা দিতে পারতেন। পরবর্তী চার মাসের মধ্যে অকৃতকার্য বিষয়ে পরীক্ষা দিয়ে তারা নিয়মিত ব্যাচের সঙ্গে পড়াশোনা চালিয়ে যেতে পারতেন। কিন্তু নতুন কারিকুলামে কোনো বিষয়ে অকৃতকার্য হলে নিয়মিত ব্যাচের চেয়ে শিক্ষার্থীকে ছয় মাস পিছিয়ে যেতে হবে। তাই 'ক্যারি অন' পদ্ধতি পুনর্বহালের জন্য স্বাস্থ্যমন্ত্রীসহ সংশ্লিষ্টদের প্রতি দাবি জানান শিক্ষার্থীরা। যুগান্তর ব্যুরোর পাঠানো খবর—

**রাজশাহী :** মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে রাজশাহী মেডিকেল কলেজের (রামেক) সামনে সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের শিক্ষার্থীদের আয়োজনে মানববন্ধন করা হয়। ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে রামেক, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রয়েল প্যারামেডিকেল কলেজ, শাহ মখদুম মেডিকেল কলেজসহ বেসরকারি মেডিকেল কলেজের শিক্ষার্থীরা অংশ নেন। এ সময় ক্যাম্পাসে ব্যাপক নিরাপত্তা গ্রহণ করে পুলিশ। মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য দেন শিক্ষার্থী জিনাত আরা, শাকিলা আক্তার, পল্লব পাল, রুহিন এমদাদ, রাসেল হোসেন প্রমুখ। এর আগেও শিক্ষার্থীরা বিভিন্ন কর্মসূচি পালন করেন।

**সিলেট :** বিকালে প্রায় তিন শতাধিক শিক্ষার্থী কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে মানববন্ধন করেন। এতে অংশ নেন ওসমানী মেডিকেল কলেজ, জালালাবাদ রাগীব রাবেয়া মেডিকেল কলেজ, উইমেন্স মেডিকেল কলেজ, পার্কভিউ মেডিকেল কলেজ ও নর্থইস্ট মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। বক্তব্য দেন শিক্ষার্থী তানভির ও নজিব।